



২৭ ডিসেম্বর ভোটার হিসেবে নিবন্ধন করবেন তারেক রহমান



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আগামী ২৭ ডিসেম্বর ভোটার হিসেবে নিবন্ধিত হতে যাচ্ছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বিষয়টি নিশ্চিত করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

সোমবার (২২ ডিসেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। এর আগে বিকেল ৩টার দিকে সালাহউদ্দিন আহমদের নেতৃত্বে বিএনপির একটি প্রতিনিধি দল সিইসির সঙ্গে বৈঠকে বসে।

বৈঠকে নির্বাচন কমিশনার রহমানেল মাছুদ ও ইসির সিনিয়র সচিব উপস্থিত ছিলেন। বিএনপির পক্ষে আরও অংশ নেন চেয়ারপারসনের উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ এবং নির্বাচন কমিশনের সাবেক ভারপ্রাপ্ত সচিব ড. মোহাম্মদ জাকারিয়া।

বিএনপি ইতোমধ্যে বগুড়ার একটি আসন থেকে তারেক রহমানকে প্রার্থী হিসেবে ঘোষণা করেছে। তবে এখনো ভোটার তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়নি। তফসিল ঘোষণার পর ভোটার তালিকায় নাম যুক্ত করা ও প্রার্থী হতে নির্বাচন কমিশনের অনুমোদন প্রয়োজন হবে।

দীর্ঘ ১৭ বছরের বেশি সময় বিদেশে অবস্থানের পর আগামী ২৫ ডিসেম্বর তারেক রহমানের ঢাকায় ফেরার কথা রয়েছে।

এ প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের দায়িত্ব সরকারের। নির্বাচন কমিশন যেভাবে নির্বাচন পরিচালনা করতে চায়, সেভাবেই হবে। তিনি আশা প্রকাশ করেন, নির্বাচনী পরিবেশ সুষ্ঠু থাকবে এবং পরিস্থিতির ধীরে ধীরে উন্নতি হবে।